

## দ্বিধাগ্রস্থ আপের বিকল্প রাজনীতি

### অরুণ জেটলি,রাজ্যসভার বিরোধী দলনেতা

ভারতকে বিকল্প রাজনীতির খোঁজ দেওয়া হবে বলে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। আমি ব্যক্তিগতভাবে আশা করেছিলাম যে আম আদমি পার্টির দেওয়া বিকল্প রাজনীতির প্রতিশ্রুতি ভারতীয় সমাজে নতুন পদচিহ্ন আঁকবে। চিরাচরিত রাজনৈতিক দল ও নেতারা সততা ও বিশ্বাসযোগ্যতার গুরুত্ব বুঝতে পারবে। কারণ নৈরাজ্যের পথে হাঁটছে দেশ।

একটা রাজনৈতিক দল গঠন ও তার আদর্শের প্রতি সদস্যদের নিষ্ঠা ধরে রাখার প্রক্রিয়ায় কতগুলি আভ্যন্তরীণ বিপদ আছে। কিছু অতি চতুর ও নিজেদের মতামতসর্বস্ব মানুষ এই প্রক্রিয়াকে ক্ষতিগ্রস্ত করতে পারে। ব্যাঙ্গালোরের একজন প্রাক্তন বিমান সংস্থার মালিক, মুম্বই এর একজন ব্যাঙ্কার, বাজার অর্থনীতিতে নায়কের ভূমিকা নিতে চেয়েছিল। মাওবাদীদের প্রতি দারুণ সহানুভূতিসমপন্ন একজনও এই দলের সদস্যপদ নিয়েছে। জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের অপর একজন কাশ্মীরের বিভিন্ন সংগঠনকে ভারত বিরোধিতার পরামর্শ দিচ্ছে। দলের একজন গুরুত্বপূর্ণ সদস্য কাশ্মীর উপত্যকা ও মাওবাদী অধ্যুষিত এলাকাগুলিতে নিরাপত্তার প্রয়োজন আছে কি নেই তা নিয়ে গণভোট করা সমর্থন করছেন। আমেদাবাদের একজন, মোদী বিরোধিতাই যার একমাত্র জীবীকা, তিনি সমকামিতা নিয়ে দলের অন্যান্যদের মতামত চাইছেন। সংকামিতা নিয়ে প্রথাগত ধারণাতে যারা বিশ্বাসী তাদের দলে ঠাঁই দেওয়ার ব্যাপারেও তিনি রক্ষণশীল।

ব্যবহারবিধি নিয়েও এই দলের কিছু অদ্ভুত ধারণা রয়েছে। প্রশাসনের কাছে মাথা নোয়াতে হবে বিচারককে। একজন অভিযুক্ত মন্ত্রীও পারবেন বিচারপতি ঠিক কি ভুল তার বিচার করতে। তাঁর বিরুদ্ধে নির্দেশ বাতিল করতে। সততার প্রাথমিক উদদীপনা এখন খিতিয়ে গেছে। আর্থিক নীতি বলতে দেশের প্রকৃতিক সমপদের জাতীয়করণ প্রচুর ভর্তুকি ও পরে প্রচুর করের ব্যবস্থা। আদর্শের জায়গা নিয়েছে টাকা রোজগার, যা দলে ভাঙন তৈরি করছে।

মাত্র তিন সপ্তাহের মধ্যেই এতকিছু। আমার ভয়, পরীক্ষামূলক পদক্ষেপের এই ব্যর্থতা সততা ও বিশ্বাসযোগ্যতার মত ভাল গুণগুলি সমপর্কে অন্যান্য রাজনৈতিক দলগুলিকে প্রশ্ন করার জায়গা করে দেবে।

-----